দৈনিক ইনকিলাব

তারিখ ... 03 JUL 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

43

শিক্ষাঙ্গনে

## পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস প্রসঙ্গে

আমাদের দেশে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা নতুন নয়। তবে ১৯৯০ সালের এসএসসি পরীক্ষায় এই প্রবণতা বেশী দেখা গিয়েছে। আগামী ১২ জুলাই এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষার প্রশ্নপত্রও কি ফাঁস হবে— এই ব্যাপারে অধিকাংশ পরীক্ষার্থী আশংকাগ্রস্ত। কেননা যেই প্রশ্ন একবার ফাঁস হয় সেই পরীক্ষা আবার দিতে হয় এবং তা সাধারণ ছাত্রদের জন্য খুবই কষ্টকর। তাই পরীক্ষার প্রশ্নপত্র যেন ফাঁস না হয় সে ব্যাপারে সতর্ক ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাচ্ছি।

—মশিউল আজম সুমন,

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

১৯৮৯ সালের এইচএসসি পরীক্ষার্থীরা এবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক প্রথম বর্ষ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে যাচ্ছে। কিন্তু এদের মধ্যে অনেকেই আছে যারা ১৯৯০-এ অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় মান উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ নেবে।

এমতাবস্থায় ভর্তি পরীক্ষা যদি এইচএসসি পরীক্ষা চলাকালীন সময়ে অনুষ্ঠিত হয় তবে মান উন্নয়ন পরীক্ষার্থীরা সমস্যায় পড়বে। তাই যথাযত কর্তৃপক্ষের নিকট আবেদন এই ভর্তি পরীক্ষা যেন সুবিধামত সময়ে অর্থ্যাৎ উচ্চ মাধ্যমিক পরীক্ষা শেষে নেয়া হয়।

—মোঃ হাবিবুর রহমান মিলটন,